দৈনিক ইত্তেফাক

তারিখ 31 OCT 1995
পৃষ্ঠা ৯ কলাম ৩

133

## বেসরকারী শিক্ষক কর্মচারীদের জ্ঞাতব্য

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের সেপ্টেম্বর মাসের বেতন ও ভাতাদির সরকারী অংশের টাকার চেক অগ্রণী, জনতা, সোনালী এবং রূপালী ব্যাংকের প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হইয়াছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উক্ত টাকা উত্তোলনের জন্য আগামী ১৬ নভেম্বরের মধ্যে নিজ নিজ ব্যাংকের শাখায় যোগাযোগ করার পরামর্শ দেওয়া হইয়াছে।

সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান চলতি অর্থ বৎসরের পূর্ববর্তী জুন '৯৫ হইতে আগষ্ট '৯৫ মাসের টাকা পূর্ব নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করিতে পারে নাই সে সব প্রতিষ্ঠানের টাকা উল্লেখিত সময়সীমার মধ্যে উত্তোলন করা যাইবে। তথ্য বিবরণী।